




## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে পুনঃগঠিত যৌন নিপীড়ন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ মে ২০২৪খ্রিঃ

যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পুনঃগঠিত যৌন নিপীড়ন প্রতিরোধ কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। ১৬ মে ২০২৪ তারিখ সকাল ১০ টায় মাননীয় উপাচার্য মহোদয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সূচনা বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বরিশাল বিশ্ববিদ্যালয়ে পুনঃগঠিত যৌন নিপীড়ন প্রতিরোধ কমিটির আহ্বায়ক গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. হেনা রানী বিশ্বাসের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন কমিটির সদস্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের সাবেক বিভাগীয় প্রধান অধ্যাপক ড. জেবউননেছা, সরকারি বি এম কলেজের ব্যবস্থাপনা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান অধ্যাপক শাহ সাজেদা, বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের সহযোগী অধ্যাপক ড. রেহানা পারভীন, আইন বিভাগের সহকারী অধ্যাপক সরদার কায়সার আহমেদ, ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক সুরাইয়া আক্তার এবং ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক ও কাউন্সিল) তামান্না শারমিন। সভায় বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে বর্তমান কমিটি জিরো টলারেন্স নীতি ঘোষণা করেন। একইসাথে শিক্ষার্থীদের মাঝে এবিষয়ে সচেতনতা সৃষ্টিতে বিভিন্ন সময়ে সভা ও সেমিনার আয়োজনেরও সিদ্ধান্ত গ্রহণ করে কমিটি।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়